গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা
নগর, ঢাকা-১২০৭
বোর্ড প্রশাসন-১ শাখা
https://nbr.gov.bd

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০০১.১৯.০০৩৯.১৮.৩০৭

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: 'ডেঙ্গু মশা নিধন কর্মসূচি' বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনা।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৫৭৭, তারিখ: ০৯/০৯/২০২৬ খ্রি.
(২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং- ০৮.০০.০০০০.০০০.০২৩.৯৯.০০০৯.২৬.২৯২, তারিখ: ১৪/০৯/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সরকার আগামী ১২.০৯.২০২৬ খ্রি. তারিখ হতে ০৩ (তিন) মাসব্যাপী ডেঙ্গু প্রতিরোধে বিশেষ কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং প্রতি শনিবার 'ডেঙ্গু মশক নিধন দিবস' হিসেবে পালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড ও এর আওতাধীন কাস্টমস, ভ্যাট ও কর বিভাগের সকল দপ্তরসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সিস্টেম ম্যানেজার দপ্তর
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডাইরী নং
তারিখ ১৬/৯/২৬

১৫-০৯-২০২৬
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
৩। কমিশনার/মহাপরিচালক (সকল), আয়কর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ।
৪। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ]।
৫। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। দ্বিতীয় সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৯। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০০১.১৯.০০৩৯.১৮.৩০৭/১ (৩)

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি, /গার্ড ফাইল।

১৫-০৯-২০২৬
মোহাম্মদ মোস্তাফিজুর রহমান
দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৫৭৭

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩ / ৯ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **"ডেঙ্গু মশা নিধন কর্মসূচি" বাস্তবায়ন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫, তারিখ: ৯ মার্চ ২০২৬;

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সরকার আগামী ১২/০৯/২০২৬ তারিখ হতে ৩ (তিন) মাস ডেঙ্গু প্রতিরোধে বিশেষ কর্মসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে মাঠ প্রশাসন পূর্ব নির্ধারিত প্রতি শনিবারের সমন্বিত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও মশক নিধন দিবসকে **"ডেঙ্গু মশক নিধন দিবস"** হিসেবে পালন করতে হবে। ডেঙ্গু মশক নিধন কার্যক্রম আরও জোরদার ও কার্যকরভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

(ক) সকল সরকারি-বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের পাশাপাশি বাজার কমিটি, স্কুল, কলেজ, মাদ্রাসাসহ শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী ও সামাজিক সংগঠনসমূহ প্রতি শনিবার ডেঙ্গু মশক নিধনের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করবে।

(খ) স্কাউটস, বিএনসিসি, শিক্ষার্থী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সম্পৃক্ত করে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান, জনসমাগমস্থল ও সংলগ্ন এলাকায় সম্ভাব্য এডিস মশার প্রজননস্থল চিহ্নিত করে জমে থাকা পানি অপসারণ এবং নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;

(গ) দপ্তর প্রধানগণ প্রতি শনিবার নিজস্ব ব্যবস্থাপনায় তাঁর দপ্তর ও দপ্তরসংলগ্ন স্থানে ডেঙ্গু মশক নিধন কার্যক্রম পরিচালনা করবে।

(ঘ) ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে র‍্যালি, মাইকিং, প্রচার-প্রচারণা, সভা, সেমিনার, আলোচনা ও উদ্বুদ্ধকরণ সভাসহ স্থানীয়ভাবে উপযোগী কার্যক্রম গ্রহণ করতে হবে;

(ঙ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ) স্ব স্ব অধিক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

(চ) প্রতিটি জেলা/উপজেলা/সিটি কর্পোরেশনকে প্রয়োজনীয় কার্য এলাকা বিভাজন করে সপ্তাহভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ছ) প্রতি শনিবার পরিচালিত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রমের ছবি, সংক্ষিপ্ত প্রতিবেদনসহ প্রয়োজনীয় তথ্য-প্রমাণক সংরক্ষণ করতে হবে।

২। উপজেলা ও পৌরসভা স্থানীয়ভাবে কার্যক্রম পরিচালনার খরচ সংশ্লিষ্ট রাজস্ব তহবিল থেকে নির্বাহ করবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।

৩। স্বাস্থ্য সেবা বিভাগ সংশ্লিষ্ট সিভিল সার্জনের মাধ্যমে মশক নিধন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ওষুধ, সরঞ্জাম, প্রশিক্ষণসহ সকল কারিগরি সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

৪। ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবে।

৫। বাংলাদেশ সচিবালয়ের সকল ভবন ও আঙিনায় এ সংক্রান্ত কার্যক্রম গণপূর্ত বিভাগ নিশ্চত করবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬। সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের স্ব স্ব মাঠপর্যায়ের দপ্তরসমূহকে মশক নিধন কর্মসূচি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

৭। এমতাবস্থায়, ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে উপর্যুক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৯/০৯/২০২৬

তানিয়া আফরোজ
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব/সচিব (সকল)
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
৩. কমিশনার, সকল বিভাগ।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)।
৫. জেলা প্রশাসক (সকল) এবং
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৫৭৭/১(১)

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩ / ৯ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি:

১. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।

০৯/০৯/২০২৬

তানিয়া আফরোজ
উপসচিব